

১। **Promotion of Development and Confidence Building in the Chittagong Hill Tracts (UNDP-CHTDF)**

UNDP এর আর্থিক সহায়তা ও প্রত্যক্ষ তত্ত্বাবধানে আলোচ্য প্রকল্পটি ১০৯৭৬৩.১৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১/৪/২০০৩ হতে ৩০/৯/২০১৫ মেয়াদে বাস্তবায়নধীন রয়েছে। এ প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে পার্বত্য চট্টগ্রামে বিভিন্ন জনগোষ্ঠি ও প্রতিষ্ঠানকে স্ব স্ব ক্ষেত্রে ভূমিকা পালনে নিমিত্ত তাদের সমর্থ বৃদ্ধিতে সহায়তা প্রদান, স্থানীয় জনসাধারণের মাঝে গনসচেতনতা বৃদ্ধি ও আস্থা সৃষ্টি, তাদেরকে সক্ষম করে তোলার লক্ষ্যে বিভিন্ন উপজেলার পাড়ায় কমিউনিটি উন্নয়ন কর্মসূচী এবং আর্থিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে।

এ প্রকল্পের আওতায় ৪০৭২ জন স্বাস্থ্য কর্মীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। তারা ৬টি উপজেলায় স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে দুর্গম ও সংকটপূর্ণ এলাকায় স্বাস্থ্য সেবা প্রদান করছে। এছাড়া যথাসময়ে রোগ নির্ণয় এবং সত্ত্বর চিকিৎসা সেবা প্রদানের ফলে এ অঞ্চলে ম্যালেরিয়া রোগ নিরাময় উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে।

উল্লেখ্য, সরকারের প্রাথমিক শিক্ষা কার্যক্রমে সহায়তা প্রদানের লক্ষ্যে এবং প্রত্যন্ত অঞ্চলের শিশুদের মৌলিক শিক্ষার গুণগত মান উন্নয়নে সহায়তা প্রদান করা হচ্ছে। এর পাশাপাশি মাতৃভাষায় শিক্ষা প্রদান করা হচ্ছে। ৬০টি কমিউনিটি স্কুল স্থাপনের মাধ্যমে ১৮৪৪ জন শিশুকে শিক্ষা কার্যক্রমের আওতায় ৭২টি প্রাক-প্রাথমিক কমিউনিটি বিদ্যালয় স্থাপনের মাধ্যমে ১৭৯৯ জন শিশুকে কার্যক্রমের আওতায় আনা হয়েছে। এছাড়া ২২৮ টি প্রাথমিক বিদ্যালয় রেজিস্ট্রেশনের প্রক্রিয়াধীন রয়েছে।

২। **পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প -২য় পর্যায় প্রকল্প**

এডিবি ঋণ সহায়তায় পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প -২য় পর্যায় ৫০৪৯৩.০০ টাকায় প্রাক্কলিত ব্যয় ২০১১-১২ হতে ২০১৭-১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। এ প্রকল্পটি দুইটি অংশের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে।

(ক) **পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ অংশ**

পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প -২য় পর্যায় (পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ অংশ) ২৬৪৫৩.০০ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২০১১-১২ হতে ২০১৭-২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। এ প্রকল্পের উদ্দেশ্যে হচ্ছে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের গ্রামীণ জনগোষ্ঠীর চরম দারিদ্র্য দূরীকরণের ব্যবস্থা গ্রহণ এবং পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির আলোকে এ এলাকার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানগুলো যাতে তাদের নিকট অর্পিত দায়িত্ব পালন সহায়ক ভূমিকা রাখতে পারে। এ লক্ষ্যে এ সমস্ত প্রতিষ্ঠানগুলোকে যথোপযুক্ত ভাবে শক্তিশালী করার ব্যবস্থা গ্রহণ করা। স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণমূলক উন্নয়নের মাধ্যমে আয়বর্ধনমূলক কর্মকান্ড এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা এবং পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ওয়াটার শেড এর অবস্থা উন্নয়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণপূর্বক ভূমি ও পানি সংরক্ষনের উন্নয়ন সাধনের ব্যবস্থা গ্রহণ করা।

(ক) **এলজিইডি অংশ**

পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প -২য় পর্যায় (এলজিইডি অংশ) ২৪০৪০.০০ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২০১১-১২ হতে ২০১৭-২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। এ প্রকল্পটি তিনটি পার্বত্য জেলায় বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের উদ্দেশ্যে হচ্ছে সেতু কালভার্টসহ উপজেলা ও ইউনিয়ন সড়ক নির্মাণের মাধ্যমে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে সার্বিক যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন ও কৃষি উন্নয়নে সহায়তা করা। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে গ্রামীণ মে লিক ,ভে ত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ, কর্মসংস্থানস্বরূপ সুযোগ সৃষ্টি করা, আয় বৃদ্ধিকরণ এবং দরিদ্র ও ক্ষুদ্র প্রান্তিক চাষীদের আর্থ-সামাজিক উন্নয়ন।

(চলমান পাতা-২)

এ প্রকল্পের আওতায় গ্রামীণ এলাকায় প্রবেশগামাতা বৃদ্ধি পাবে। ছাত্র-ছাত্রীর স্কুল ও কলেজে যাতায়াত সুগম হবে। কৃষি উৎপাদন এবং বিপন্নন কার্যক্রম ও অনাবাদি জমির আবাদের সুযোগ সৃষ্টি হবে। উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্যে নিশ্চিত হবে। আয় বর্ধক কার্যক্রমে সুবিধা সৃষ্টি হবে। জনসাধারণের যাতায়াতের ব্যয় ও সময় হাস পাবে। প্রত্যন্ত অঞ্চল হতে মুমূর্ষ রোগীদের দ্রুত হাসপাতালে স্থানান্তর সহজ হওয়ায় স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি পাবে। প্রকল্পের আওতায় নির্মিত অবকাঠামোগুলোর রক্ষণাবেক্ষণে দুঃস্থ মহিলাদের সৃষ্টি হবে।

৩। পার্বত্য চট্টগ্রাম এলাকায় সমন্বিত সমাজ উন্নয়ন ৩য় পর্যায় প্রকল্প

ইউনিসেফ এর সহায়তায় পার্বত্য চট্টগ্রাম এলাকায় সমন্বিত সমাজ উন্নয়ন ৩য় পর্যায় প্রকল্প ৩২০০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১২ হতে জুন ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়েছে। এ প্রকল্পের উদ্দেশ্যে হচ্ছে ৪০০০ পাড়া কেন্দ্রের মধ্যে নেটওয়ার্ক তৈরী করা, প্রাক-প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকরন, ১৬০০০ পরিবারকে স্বাস্থ্য সেবা প্রদান এবং পরিষ্কার পরিচ্ছন্নতা ও শিশুদের সুরক্ষার উপর গুরুত্ব দেয়ার জন্য উৎসাহী করা।

এ প্রকল্পের আওতায় সামাজিক অবকাঠামো নির্মাণ তৃণমূল পর্যায়ে ওয়ান স্টপ সার্ভিস ডেলিভারী পয়েন্ট হিসেবে পাড়া কেন্দ্র স্থাপন। পাড়াকেন্দ্রের মাধ্যমে সকল মে ল সেবা সহজলভ্য এবং মান সম্মতভাবে ব্যবহার নিশ্চিত করা। এছাড়া মাতৃভাষা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিক্ষার্থীর জন্য আবাসিক বিদ্যালয়ের মাধ্যমে মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষা দান, বয়স্ক শিক্ষা। শিশু, কিশোরী ও মহিলাদের টীকা দানে উদ্ভুদ্ধকরণ, গর্ভবতী মহিলাদের গর্ভকালীন, প্রসবকালীন ও প্রসব পরবর্তী করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান। ম্যালেরিয়া, ডায়রিয়া ও আয়োডিন ঘাটতি প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্ভুদ্ধকরণ। নলকুপ স্থাপন ও মেরামত, স্বল্প ব্যাপী লেট্রিন বিতরণ। জন্ম নিবন্ধনে উৎসাহীতকরণ, শিশু অধিকার ও জেন্ডার বিষয়ে সচেতনতা সৃষ্টি। প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করা।

